


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কমিউনিটি বেইজড হেল্থ কেয়ার  
স্বাস্থ্য অধিদপ্তর, সিবিএইচসি কার্যালয়  
বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।  
ই-মেইল : [cbhc@ld.dghs.gov.bd](mailto:cbhc@ld.dghs.gov.bd)

স্মারক নং-স্বাঃ অধিঃ/সিবিএইচসি/কঃ ক্লিঃ/সিএইচসিপি/নিয়োগ-০৯(গ্রেড ১১-২০)/২০১৮/১২৮৫ তারিখঃ ০৯/১০/২০১৮ ইং

## বিজ্ঞপ্তি

স্বাস্থ্য অধিদপ্তরাধীন ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি (এইচপিএনএসপি)'র অন্তর্ভুক্ত কমিউনিটি বেইজড হেল্থ কেয়ার (সিবিএইচসি) অপারেশনাল প্লানের আওতায় ০৮টি বিভাগীয় শহরে কমিউনিটি হেল্থ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) পদে জনবল নিয়োগের লক্ষ্যে গত ২০/০৭/২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করা হলো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মোবাইল ফোনে ম্যাসেজ এবং সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শন করা হবে এবং কমিউনিটি বেইজড হেল্থ কেয়ার (সিবিএইচসি) এর ওয়েব সাইট [www.communityclinic.gov.bd](http://www.communityclinic.gov.bd) এ প্রবেশ করে **CHCP Recruitment** লিংকে ক্লিক করে **CHCP Result** পাওয়া যাবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ নিয়োগ বিজ্ঞপ্তির ক্রমিক নং- ১৩ চাহিদা অনুযায়ী সকল কাগজপত্র প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে একসেট মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিয়ে সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। মৌখিক পরীক্ষার জন্য আলাদা কোন কার্ড ইস্যু করা হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষা আগামী ১৫/১০/২০১৮ ইং তারিখ হতে ৮টি বিভাগীয় শহরে বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য)-গণের কার্যালয়ে অনুষ্ঠিত হবে। প্রার্থীদের রোল নম্বর অনুযায়ী মৌখিক পরীক্ষার তারিখ ও সময় বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) কার্যালয়ের নোটিশ বোর্ডে এবং সিবিএইচসি এর ওয়েব সাইট [www.communityclinic.gov.bd](http://www.communityclinic.gov.bd) এ প্রকাশ করা হবে।



(অধ্যাপক ডাঃ মোঃ আবুল হাসেম খান)

লাইন ডাইরেক্টর

সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর

ফোন- ৯৮৮০৭৪৫ ও ফ্যাক্স- ৯৮৪২৯০০।